দৈনিক ইত্তেফাক

তারিখ 17 AUG 1994
পৃষ্ঠা ১ কলাম ৫

06

# ক্যাম্পাসে সন্ত্রাসী ঘটনা তদন্তের জন্য বিচার বিভাগীয় কমিটি গঠনের দাবী

ইত্তেফাক রিপোর্ট ॥ ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি গতকাল (মঙ্গলবার) এক জরুরী সভায় ৪ঠা আগষ্ট কলা ভবনে সৃষ্ট সন্ত্রাসী ঘটনা তদন্তের জন্য সুপ্রীম কোর্টের বিচার-

(শেষ পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

## ক্যাম্পাসে সন্ত্রাসী

( ১ম পৃঃ পর )

পতির নেতৃত্বে একটি বিচার বিভাগীয় তদন্ত কমিটি গঠনের দাবী করিয়াছে। সভায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিনেট, সিন্ডিকেট, হল প্রশাসন ও অন্যান্য কমিটি হইতে প্রফেসর এম এরশাদুল বারীকে ২৫শে আগষ্টের মধ্যে প্রত্যাহার করিয়া নেওয়ার জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের প্রতি আহ্বান জানান হয়। সভায় ৪ঠা আগষ্ট গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগে হামলার প্রতিবাদে আজ (বুধবার) সকাল ১০টায় অপরাজেয় বাংলার পাদদেশে বিভাগীয় শিক্ষক-শিক্ষিকার অবস্থান ধর্মঘট কর্মসূচীর প্রতি সমর্থন জ্ঞাপন করা হয়। প্রফেসর খন্দকার নিজাম উদ্দীন সভায় সভাপতিত্ব করেন।